

৪১

আজকের কাগজ

তারিখ ... ০৫ JUL 1995 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৩

**বরিশালে ৪টি কলেজের
এইচএসসি পরীক্ষার্থীদের কাছ
থেকে অতিরিক্ত টাকা আদায়**

আসন্ন এইচএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের প্রবেশপত্র নিতে গিয়ে কলেজ কর্তৃপক্ষকে আইন বহির্ভূত ভাবে ৩ লাখ ৮৯ হাজার ৯শ' ১০ টাকা দিতে হয়েছে। এই টাকা দিয়ে কলেজের মসজিদ নির্মাণ, আপ্যায়ণ ও ছাত্র-ছাত্রীদের অবৈধ সুযোগ সুবিধা দেয়া হবে বলে আশ্বাস দেয়া হয়েছে। ৬ জুলাই থেকে এইচএসসি পরীক্ষা অনতিষ্ঠ হবে। বরিশাল শহরের ৪টি কলেজের মধ্যে সিটি কলেজে ৪শ' ৭৫ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেবে। তাদের কাছ থেকে ৫শ' টাকা করে নেয়া হয়েছে। ইসলামিয়া কলেজে ৪শ' ৩৮ জন ছাত্র-ছাত্রীর কাছ থেকে ২শ' টাকা করে নেয়া হয়েছে। সরকারি মহিলা কলেজের ১২শ' ৭ জন ছাত্র-ছাত্রীর কাছ থেকে ৫০ টাকা করে বরিশাল কলেজের ৮শ' ৯২ জন ছাত্র-ছাত্রীর কাছ থেকে ৫ টাকা করে অতিরিক্ত আদায় করা হয়েছে। বরিশাল থেকে মীর মনিরুজ্জামান।